

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডোমার, নীলফামারী।
doict.domar.nilphamari.gov.bd

নম্বর: ৫৬.০৪.৭৩১৫.০০০.১৮.০০২.২৪.১০

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিজ্ঞ সহকারী জজ আদালত, ডোমার, নীলফামারী হতে প্রাপ্ত আদেশের প্রেক্ষিতে সাময়িকভাবে স্থগিতকৃত চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৪-এর ভোট গ্রহণের নতুন তারিখ ঘোষণা প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজ্ঞ সহকারী জজ আদালত, ডোমার, নীলফামারী-তে চলমান মামলা নং অন্য ৭৫/২০২৪ এর গত ২৩/০৪/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত শুনানী ও তৎপ্রেক্ষিতে জারিকৃত আদেশ (স্মারক নং ৯৮, তারিখ: ২৪/০৪/২০২৪খ্রি.) এর কপি ২৫/০৪/২০২৪খ্রি. তারিখে প্রিজাইডিং অফিসারের দপ্তরে বাহক মারফত গৃহীত হয়। উক্ত আদেশ মোতাবেক বাদীপক্ষের আনিত অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত নামঞ্জুর হয় এবং চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৪ এর ভোট গ্রহণ কার্যক্রম পরিচালনায় আপাতত আইনগত বাঁধা নাই। এমতাবস্থায় সাময়িকভাবে স্থগিতকৃত চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৪ এর ভোট গ্রহণের নতুন তারিখ: ১১/০৫/২০২৪খ্রি. (শনিবার) ঘোষণা করা হলো। উক্ত ঘোষিত তারিখে চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।



২৮-০৪-২০২৪

মোঃ মশিউর রহমান

সহকারী প্রোগ্রামার ও প্রিজাইডিং কর্মকর্তা, ম্যানেজিং
কমিটির নির্বাচন-২০২৪, চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ
বিদ্যালয়, ডোমার, নীলফামারী।

০১৯১৩৯০০৮৬৪

moshi.ape@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় পরিদর্শন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর;
- ২। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, নীলফামারী;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ডোমার, নীলফামারী;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী;
- ৫। অফিসার ইনচার্জ, ডোমার থানা, নীলফামারী;
- ৬। প্রধান শিক্ষক, চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ বিদ্যালয়, ডোমার, নীলফামারী (তাকে অত্র বিজ্ঞপ্তি সকল শ্রেণিকক্ষে পাঠ করে শোনানো, সকল প্রার্থীগণকে অবহিত করণ ও অত্র বিজ্ঞপ্তির একটি কপি বিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণসহ নির্বাচন বিষয়ে বহল প্রচারের (মাইকিং করণসহ) অনুরোধ করা হলো) এবং
- ৭। জনাব , অভিভাবক সদস্য/মহিলা অভিভাবক সদস্য/সাধারণ শিক্ষক সদস্য/মহিলা শিক্ষক সদস্য/দাতা সদস্য প্রার্থী, চিলাহাটি মার্চেন্টস্ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৪, ডোমার, নীলফামারী।

